

## 💵 মুমিনের দু'আ

বিভাগ/অধ্যায়ঃ দু'আসমূহ

রচয়িতা/সঙ্কলকঃ ডা. মুহাম্মদ আবুবকর সিদ্দিক (সংকলক)

## আযানের দু'আসমূহ

মুয়াযযিন যা বলে শ্রোতাও তা বলবে, তবে "হাইয়া 'আলাসসালাহ" ও "হাইয়া 'আলাল ফালাহ" -এর সময় বলবে, لاَ حَوْلُ وَلاَ قُوَّةَ إِلاَّ بِاللهِ

'আল্লাহর সাহায্য ছাড়া (পাপ কাজ থেকে দূরে থাকার) কোনো উপায় এবং (সৎকাজ করার) কোনো শক্তি কারও নেই' (বুখারী, হা/৬১১)।

মুয়াযযিন তাশাহহুদ (আশহাদু আলা মুহাম্মাদার রাসূলুল্লাহ) উচ্চারণ করার পরই শ্রোতারা নিচের যিকিরটি বলবে (ইবনু খুযাইমাহ, ১/২২০),

وَأَنَا أَشْهَدُ أَنْ لاَ إِلَهَ إِلاَّ اللهُ وَحْدَهُ لاَ شَرِيكَ لَهُ وَأَنَّ مُحَمَّداً عَبْدُهُ وَرَسُولُهُ، رَضِيتُ بِاللهِ رَبَّاً، وَبِمُحَمَّدٍ رَسُولاً، وَبِالْإِسْلاَم دِينَاً

'আমি সাক্ষয দিচ্ছি যে, একমাত্র আল্লাহ ছাড়া আর কোনো সত্য ইলাহ নেই, তাঁর কোনো শরীক নেই। আমি আরও সাক্ষয দিচ্ছি যে, মুহাম্মাদ (সাল্লাল্লাহু 'আলাইহি ওয়াসাল্লাম) তাঁর বান্দাহ ও রাসূল। আমি আল্লাহকে রব, মুহাম্মাদ (সাল্লাল্লাহু 'আলাইহি ওয়াসাল্লাম)-কে রাসূল এবং ইসলামকে দীন হিসাবে গ্রহণ করে সম্ভুষ্ট' (মুসলিম, হা/৩৮৬)।

Source — https://www.hadithbd.com/books/link/?id=15004

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন